৭

তারিখ ... 18 NOV 1994 ... ..
পৃষ্ঠা ৩ কলাম ৬......

দৈনিক ইনকিলাব

# মেধা যাচাই করাই পরীক্ষা পদ্ধতির লক্ষ্য হওয়া উচিৎ
## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার শিক্ষার মান উন্নয়নে পরীক্ষা পদ্ধতি সংস্কারের উপর গুরুত্ব আরোপ করেছেন। শিক্ষামন্ত্রী গতকাল ঢাকায় নায়েম মিলনায়তনে "বাংলাদেশের পরীক্ষা পদ্ধতি ও সংস্কার" শীর্ষক এক কর্মশালায় প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। নায়েমের মহাপরিচালক প্রফেসর নাজমুল হকের সভাপতিত্বে এ অনুষ্ঠানে শিক্ষা সচিব ইরশাদুল হক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রকল্পের পরিচালক আবদুর রশীদ বক্তৃতা করেন।

উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রকল্পের উদ্যোগে এবং নায়েমের ব্যবস্থাপনায় এ কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডঃ শাহজাহান তপন।

শিক্ষামন্ত্রী বলেন, মানুষের মেধার কোন বিকল্প নেই এবং পরীক্ষা পদ্ধতির লক্ষ্য হওয়া উচিত মেধা যাচাই করা। তিনি বলেন, পরীক্ষা পদ্ধতি সংস্কার কর্মসূচীর লক্ষ্য হওয়া উচিত পরীক্ষা পদ্ধতিকে যুগোপযোগী এবং শিক্ষার্থীদের জীবনে একে অর্থবহ করে তোলা।

তিনি বলেন, শিক্ষাব্যবস্থার মূল লক্ষ্য হওয়া উচিত শিক্ষাকে সমাজের প্রয়োজনে কাজে লাগানো এবং দক্ষ জনশক্তি সৃষ্টি করা। তিনি পাঠ্যপুস্তক সময়মত ছাত্র-ছাত্রীদের কাছে পৌঁছে দেয়া, নির্ধারিত সময়ে পরীক্ষা গ্রহণ, পরীক্ষা দুর্নীতি মুক্তকরণ, শিক্ষার অবকাঠামোগত উন্নয়ন ও সময়মত ফলাফল প্রকাশের উপর জোর দেন। খবর তথ্য বিবরণীর।